



রাশিয়ার তেল শোধনাগারে ইউক্রেনের হামলা



ছবি: সংগৃহীত

ইউক্রেনের ড্রোন হামলার পর রাশিয়ার রাজধানী মস্কোর একটি তেল শোধনাগারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। হামলার পর শহরের বিভিন্ন এলাকায় কালো ধোঁয়া ছড়িয়ে পড়ার খবরও পাওয়া গেছে।

বৃহস্পতিবার (১৮ জুন) ইউক্রেনীয় বাহিনী মস্কো অভিমুখে বড় ধরনের ড্রোন হামলা চালায় বলে জানিয়েছে রাশিয়া। হামলার লক্ষ্যবস্তুগুলোর মধ্যে রাজধানীর দক্ষিণ-পূর্বাঞ্চলের একটি তেল শোধনাগারও ছিল।

স্থানীয় সূত্রের দাবি, হামলার পর শোধনাগারের একটি তেলের ট্যাংকে বিস্ফোরণ ঘটে এবং সেখানে আগুন ছড়িয়ে পড়ে। এ সময় আকাশে ঘন কালো ধোঁয়ার কুণ্ডলী দেখা যায়। রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় বিপুল সংখ্যক ইউক্রেনীয় ড্রোন এবং কয়েকটি ক্রুজ ক্ষেপণাস্ত্র ভূপাতিত করা হয়েছে। ড্রোনের ধ্বংসাবশেষ বিভিন্ন স্থানে পড়ে কয়েকজন আহত হয়েছেন বলেও জানা গেছে।

এ ঘটনায় নিরাপত্তাজনিত কারণে মস্কোর কয়েকটি বিমানবন্দরে সাময়িকভাবে ফ্লাইট চলাচল সীমিত করা হয়।

অন্যদিকে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি হামলার কথা উল্লেখ করে এটিকে রাশিয়ার সামরিক কর্মকাণ্ডের জবাব হিসেবে বর্ণনা করেছেন।